

সেই ছেলেটা রাজপথে

রাজপথে আজ-ও দাঁড়িয়ে সেই ছেলেটা
যাকে তুমি বলেছিলে আমি আসবো ফিরে
তোমার প্রতিক্ষায় বোকা ছেলেটা দেখো না
২৬টা সন্ধ্যা কাটিয়েছে ঐ রাজপথে
না জানি আর কত রাত, আর কত সন্ধ্যা
কাটবে তার তোমার প্রতিক্ষাতে?
অ-সহায় দুটি চোখ স্থির হয়ে ছিল ছিল
যেন এই বুঝি বাঁধ ভেঙে ভাসিয়ে
দেবে সবকিছু.....

রাজপথ তার দিকে তাকিয়ে হেসে বলে
তুমি কোন দেবদাস হে পারোর প্রতিক্ষায়,
সন্ধ্যা পেরিয়ে রাত্রি নামে ল্যাম্প পোস্টের
তলায়.....।।

তবু ছেলেটা দাঁড়িয়ে থাকে, জ্বলন্ত সিগারেট হাতে
ছাই ওড়ে যাই, গাড়ির ধোয়াই।।।।।।।।।।।
পরদিন রাজপথ আবার বলে, তুমি কাকে এতো ভালোবাসো?
আজ-ও তো বিকাল গড়িয়ে সন্ধ্যা হলো
কালকে সে নিশ্চয় সে আসবে দেখো.....।
আজ যাও

তুমি কাল আবার এসো.....

মীর গোলাম সাবীর আলী

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭

২০/১০/২০০৯